ভোরের কাগজ

তারিখ 3 1 DEC 1993
পৃষ্ঠা ৮ কলাম ২

১২৪১

৩৮

ব্রিটিশ শিক্ষকদের অভিমত

# বাংলাদেশে ছাত্রদের তুলনায় শিক্ষকসংখ্যা বিস্ময়করভাবে কম

ইব্রাহীম চৌধুরী খোকন : বাংলাদেশে সফররত যুক্তরাজ্যের ছয়জন শিক্ষক গতকাল বৃহস্পতিবার সিলেটে বাংলাদেশ ওভারসিজ সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বাংলাদেশের শিক্ষাব্যবস্থার ওপর তাঁদের মাসব্যাপী সফর-অভিজ্ঞতা বর্ণনা করেন। লন্ডন টাওয়ার হ্যামলেটস কলেজের শিক্ষক, মেরি ভিভান, সেলিম রহমান, শেলি ভার্ড, জ্যাকি গুডিং, এলেন বেইটস এবং রিচার্ডসন প্রাইমারি স্কুলের শিক্ষিকা জোসেফিন গুড সংবাদ সম্মেলনে বলেন, বাংলাদেশের প্রাথমিক স্তর থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত ছাত্রসংখ্যার অনুপাতে শিক্ষকের সংখ্যা বিস্ময়করভাবে কম। পর্যাপ্ত সম্পদ ও অঙ্গীকারের অভাবে এ দেশের শিক্ষাব্যবস্থার মান সন্তোষজনক নয় বলে তাঁরা মত প্রকাশ করেন।

সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ওভারসিজ সেন্টারের ট্রাস্টি নুরুল ইসলাম, পূর্ব লন্ডনের কাউন্সিলর আসাদউদ্দিন, সিলেট প্রেসক্লাবের সম্পাদক আজিজ আহমদ সেলিম এবং শামসুল আলম।